

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আর আমি সুস্থ করে তুলি
জন্মাত্মকে এবং শ্বেত কুষ্ঠ
রোগীকে। আর আমি জীবিত করে
দেই মৃতকে আল্লাহর হুক্মে।
সূরা আল ইমরান ৪৯

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট

গ্যাম্বুয়া সিমেন্ট

ইস্রাইলের মজবুত গেম্বুয়া

সেবা : ০২৯১০০৬৬৬৪৫, ০২৯১১০২৭৭০৪

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২৫ জুন ২০২৬ ॥ ০৯ মহররম ১৪৪৮ ॥ ১১ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ১৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



১৭ বছর পর সত্যিকারের কার্যকর সংসদ পেয়েছে দেশ: স্পিকার

কীর্তনখোলা ডেস্ক
দীর্ঘ ১৭ বছর পর দেশ সত্যিকারের কার্যকর সংসদ পেয়েছে বলে মন্তব্য করেছেন স্পিকার মেজর (অব.) হাফিজ ২ এর পাতায় দেখুন



বিদেশে পাচারকৃত অর্থ উদ্ধারে উদ্যোগ নিয়েছে ৩০ ব্যাংক: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
নিয়ম ও দুর্নীতির মাধ্যমে বিদেশে পাচার হওয়া অর্থ উদ্ধারে ক্ষতিগ্রস্ত ৩০টি ব্যাংক উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী ২ এর পাতায় দেখুন



মামলা করে নিয়োগ আটকানো শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে

কীর্তনখোলা ডেস্ক
মামলা করে নিয়োগ কার্যক্রম আটকে দেওয়া শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ২ এর পাতায় দেখুন



মানুষ রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় নিষ্ঠুর ও নির্দয় নির্যাতনের শিকার হয়েছে

কীর্তনখোলা ডেস্ক
যুগের পর যুগ মানুষ রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় নিষ্ঠুর ও নির্দয় নির্যাতনের শিকার হয়েছে বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

দোকানঘর নির্মাণ নিয়ে বিরোধ ছাত্রলীগ কর্মীকে পিটিয়ে হত্যা

মেরেদিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেরেদীগঞ্জ উপজেলায় দোকানঘর নির্মাণকে কেন্দ্র করে হুজুহ বিরোধের জেরে বারু রাষ্ট্র (২৫) নামের এক তরুণকে পিটিয়ে হত্যার অভিযোগ পাওয়া গেছে। গতকাল বুধবার ভোরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তাঁর মৃত্যু হয়। এ ঘটনায় মেরেদীগঞ্জ উপজেলার সদর ইউনিয়নের সাদেকপুর গ্রামে শোকেগর ছায়া নেমে এসেছে। নিহত বারু রাষ্ট্র নিষিদ্ধযোজিত সংগঠন ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় ছিলেন। তবে তাঁর কোনো পদ-পদবি ছিল না। নিহত ছাত্রলীগ কর্মীর পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, পশ্চিম সাদেকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে নিজ জমিতে দোকানঘর নির্মাণকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে প্রতিপক্ষের সঙ্গে বিরোধ চলাছিল বারু রাষ্ট্র। গতকাল মঙ্গলবার রাত আটটার দিকে এ বিরোধের জেরে বাগবিত্তগার একপর্যায়ে স্থানীয় বজলু বঝাটী, জাহাঙ্গীর মাল, শহীদ গোহান, নয়ন পোদ্দারবাহ ৮ থেকে ৯



জনের একটি দল তাঁর ওপর হামলা চালায় বলে অভিযোগ। স্বজনদের দাবি, হামলাকারীরা লাঠিসোটা নিয়ে বেশভূক মারধর করে বারুর মাথা ফাটিয়ে দেয় এবং হাত-পা ভেঙে ফেলে। প্রতিবেশী এক নারীর মাধ্যমে খবর পেয়ে নিহত বারুর বাবা দুলাল রাষ্ট্রা ঘটনাস্থল থেকে ছেলেকে গুরুতর আহত ও অচেতন অবস্থায় উদ্ধার করেন। পরে প্রথমে তাঁকে মেরেদীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে চিকিৎসক অবস্থার অবনতি দেখে রাত ১০টার দিকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। পরে উন্নত চিকিৎসার জন্য রাত ১২টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। স্বজনদের ডায়া অনুযায়ী, ঢাকা মেডিকেলসে পৌঁছানোর পর ভোর চারটার দিকে চিকিৎসা গুরুতর আগ্রহে তাঁর মৃত্যু হয়। নিহত বারুর বাবা দুলাল রাষ্ট্রা কল্লাজড়িত কণ্ঠে বলেন, ‘আমার ছেলেকে ৮-৯ জন মিলে নির্মমভাবে পিটিয়েছে। মাথা ২ এর পাতায় দেখুন

জুনের ২৩ দিনে রেমিট্যান্স এলো ২২৪ কোটি ডলার

কীর্তনখোলা ডেস্ক
চলতি মাসের প্রথম ২৩ দিনে দেশে ২২৩ কোটি ৮০ লাখ মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে। এই হিসাবে প্রতিদিন গড়ে দেশে এসেছে ৯ কোটি ৭৩ লাখ ডলার রেমিট্যান্স। বুধবার (২৪ জুন) বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, চলতি জুন মাসের প্রথম ২৩ দিনে দেশে রেমিট্যান্স এসেছে ২২৩ কোটি ৮০ লাখ ডলার। আর গত বছরের একই সময়ে এসেছিল ২২০ কোটি ৯০ লাখ ডলার। অর্থাৎ বছর ব্যবধানে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে। চলতি অর্থবছরের জুলাই থেকে ২৩ জুন পর্যন্ত দেশে এসেছে ৩ হাজার ৪৯৯ কোটি ৫০ লাখ ডলার রেমিট্যান্স। বছর ব্যবধানে যা বেড়েছে ১৭ দশমিক ৮০ শতাংশ। এর আগে গত মে মাসে দেশে এসেছে মোট ৩৪২ কোটি ৫০ লাখ ৩০ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স। যা দেশের ইতিহাসে কোনো এক মাসে দ্বিতীয় সর্বোচ্চ প্রবাস আয়।



বরিশাল নগরীর ৩নং ওয়ার্ডের কাউনিয়া হাউজিং রোড পরিদর্শন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক আড, বিলকিস আক্তার জাহান শিরীন

কোরআনের আয়াতের ‘অপব্যাক্যার’ অভিযোগ, সংসদে বিতর্ক

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদে বাজেট বক্তৃতা চলাকালীন পবিত্র কুরআনের একটি আয়াতের ব্যাখ্যা নিয়ে সরকারি ও বিরোধী দলের সদস্যদের মধ্যে ব্যাপক বাগবিত্তগা এবং বিতর্কের সৃষ্টি হয়েছে। কল্পবাজার-২ আসনের সংসদ সদস্য আলমগীর মোহাম্মদ মাহফুজুল্লাহ’র

আয়াতের রাজনৈতিক অপব্যাখ্যা ও ঠাট্টা-বিন্দনের অভিযোগ তুলে ঘটনার সূত্রপাত করেন সংসদে ইসলামীরা সংসদ সদস্য নাজিবুর রহমান মোমেন। এরপর স্পিকারের বারবার হস্তক্ষেপ এবং স্বরষ্টমন্ত্রী, চিফ হুইপ ও সিনিয়র সংসদ সদস্যদের দফায় দফায় বক্তব্যের পর পরিস্থিতি শান্ত হয়।

একপর্যায়ে স্পিকার বিতর্কিত অংশ পরীক্ষা করে দেখার আশ্বাস দেন। বুধবার (২৪ জুন) জাতীয় সংসদের বার্ষিক আলোচনায় অংশ নিয়ে কল্পবাজার-২ আসনের সংসদ সদস্য আলমগীর মোহাম্মদ মাহফুজুল্লাহ কৌশলবাদের আচরণ ও কৌশলের কঠোর সমালোচনা করতে গিয়ে তিনি ২ এর পাতায় দেখুন

চার মোবাইল অপারেটরের কাছে রাজস্ব বকেয়া ১৩১৪৪ কোটি টাকা

কীর্তনখোলা ডেস্ক
দেশে কার্যত চার মোবাইল অপারেটর প্রতিষ্ঠানের কাছে সরকারের মোট ১৩ হাজার ১৪৪ কোটি টাকা রাজস্ব বকেয়া রয়েছে বলে জাতীয় সংসদকে জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম। বুধবার (২৪ জুন) সংসদে কল্পবাজার-৩ আসনের সরকারি দলের সদস্য লুৎফর রহমানের টেবিলে উপস্থাপিত এক তারকারিফিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান। মন্ত্রী বলেন, বর্তমানে দেশে চারটি মোবাইল অপারেটর কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে গ্রামীণফোন লিমিটেডের কাছে ৬ হাজার ১০২ কোটি টাকা, টেলিটক বাংলাদেশ লিমিটেডের কাছে ৫ হাজার ৯৫৪ কোটি টাকা, রবি আজিয়াটা লিমিটেডের কাছে ৬১৫ কোটি টাকা এবং বাংলাদেশ ডিজিটাল কমিউনিকেশনস লিমিটেডের কাছে ৪৭৩ কোটি টাকা রাজস্ব বকেয়া রয়েছে। সংসদে ২ এর পাতায় দেখুন

সাড়ে ৮ লাখ যুবককে প্রশিক্ষণ দিতে ৯৫৬ কোটি টাকার প্রকল্প অনুমোদন

কীর্তনখোলা ডেস্ক
দেশের তরুণদের দক্ষতা উন্নয়ন, উদ্যোক্তা তৈরি এবং কর্মসংস্থান সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ‘ইকোনমিক অ্যাক্সেলারেশন অ্যান্ড রেজিলিয়েন্স ফর এনইইটি’ প্রকল্পের অওতায় ৮ লাখ ৫০ হাজার ৫০০ জন যুবককে প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ লক্ষ্যে ৯৫৬ কোটি ৭৫ লাখ ৪৯ হাজার ৭৩১ টাকা ব্যয়ে ১০টি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বুধবার (২৪ জুন) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ত্রয় সংজ্ঞাত মন্ত্রিসভা কমিটির बैठকে এই অনুমোদন দেওয়া হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পটির মেয়াদ ২০২৩ সালের ১ জুলাই থেকে ২০২৮ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত। জানা গেছে, প্রকল্পের লক্ষ্য হচ্ছে শিক্ষা, কর্মসংস্থান ও প্রশিক্ষণে যুক্ত ২ এর পাতায় দেখুন



বিএম কলেজে ছাত্রদলের দু’গ্রুপের তীব্র উত্তেজনা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিএম কলেজ ডিগ্রি হোস্টেলের ছাত্র ও কলেজ ছাত্রদলের যুগ্ম আধায়ক রাতুল ও সাধারণ শিক্ষার্থীদের মারধরের প্রতিবাদে ও নিরাপত্তার দাবিতে বিএম কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে কলেজ ছাত্রদলের

নেতাকর্মীরা। বুধবার দুপুর ১২টায় সাধারণ শিক্ষার্থীদের বন্যানে ক্যাম্পাসে বিক্ষোভ করে ছাত্রদলের একটি অংশ। তবে ছাত্রদলের অপর অংশের নেতারা প্রতিপক্ষের বিরুদ্ধে পাঁচটা হামলা ও মারধরের অভিযোগ এনেছে। এ নিয়ে ছাত্রদলের দুই পক্ষের

নেতাকর্মীদের মধ্যে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়েছে। যে কোনো সময় নতুন করে সংঘর্ষের আশংকা করছেন সাধারণ শিক্ষার্থীরা। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণে বুধবার সকাল থেকেই ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়। ২ এর পাতায় দেখুন



অব্যবস্থাপনায় স্নান হচ্ছে কুয়াকাটার পর্যটন সম্ভাবনা

কল্যাণী প্রতিনিধি
একসময় ঈদ, পূজা কিংবা দীর্ঘ ছুটির মৌসুম মানেই ছিল কুয়াকাটার পর্যটকদের ঢল। পর্যটকদের পদচারণায় মুখর থাকতো সাগরকন্যা খাত এল জায়গাটি। হোটেল-রিসোর্ট কক পাওয়া ছিল দ্রুত, ব্যবসায়ীদের দোকানে উপচে পড়ত ক্রেতার ভিড়। তবে সেই চিত্র এখন আর নেই। অব্যবস্থাপনা, পরিবেশগত অবনতি, সেবার মান নিয়ে অসন্তোষ ও নিরাপত্তা সংশ্লিষ্ট নানা ২ এর পাতায় দেখুন

ববি ও পবিপ্রবি’র নবনিযুক্ত দুই উপাচার্যকে সংবর্ধনা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি) এবং পটুয়াখালী বিশ্ববিদ্যালয় (পবিপ্রবি)র নবনিযুক্ত দুই উপাচার্যকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। বুধবার (২৪ জুন) সকাল ১০টায় (পবিপ্রবি)র ছাত্র-শিক্ষক কেন্দ্রে এ সংবর্ধনা সভা অনুষ্ঠিত হয়। ইউনিভার্সিটি টিচার এসোসিয়েশন অব বাংলাদেশ (ইউটাব) ও জিয়া পরিষদ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পবিপ্রবি)

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ইউটাব পরিপ্রবি ইউনিটের সাধারণ সম্পাদক প্রফেসর ড. এস এম হেমায়েত জাহান পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিযুক্ত হওয়ার তাদের সম্মাননা প্রদান করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোহাম্মদ অতিকুর রহমান। অনুষ্ঠান সম্বলনা করেন ইউটাব পরিপ্রবি ইউনিটের সাংগঠনিক সম্পাদক

ও ওশানোগ্রাফি অনুষদের ডিন প্রফেসর ড. এ বি অনুষ্ঠানে ইউটাব পরিপ্রবি ইউনিটের সম্মানিত এম সাইফুল ইসলাম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সভাপতি প্রফেসর ড. মো. মামুন অর রশিদ বিভিন্ন অনুষদের ২ এর পাতায় দেখুন



শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলায় প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রাহ্মসম্মেলন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশের মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রসঙ্গভিত্তিক ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আইনলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি শাহরারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অরুণের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহরারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাট নদী ও কলকাতা রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট নদী ও কলকাতা রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01717-488083



বিএনপির এমপিকে নিয়ে বক্তব্য ফয়জুল করীমের বিরুদ্ধে মামলা

কীর্তনখোলা ডেস্ক
কুমিল্লায় ইসলামী আদালত বাংলাদেশের জ্যেষ্ঠ নায়েবে আমির মুফত সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীমের বিরুদ্ধে মানহানি মামলা করা হয়েছে। কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য মনিরুল হক চৌধুরীকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে মানহানিকর ও বিদ্বেষমূলক বক্তব্য প্রচারের অভিযোগে এ মামলা করা হয় বলে জানা গেছে। বুধবার (২৪ জুন) দুপুরে মামলার বিষয়টি নিশ্চিত করেন কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রকিবুল ইসলাম। এর আগে শনিবার (২০ জুন) সদর দক্ষিণ মডেল থানায় মামলাটি করেন জালাল আহমেদ খোকন তালুকদার নামে এক যুবদল নেতা। মামলায় মুফত সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম ছাড়াও সদর দক্ষিণ এলাকার বাসিন্দা কাদের মিয়াজীর নাম উল্লেখ করে অজ্ঞাত কয়েকজনেরকে আসামী করা হয়। বাদী জালাল আহমেদ খোকন তালুকদার নিজেকে কুমিল্লা মহানগরীর ২৬ নম্বর ওয়ার্ড যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে দাবি করলেও মহানগর যুবদলের পক্ষ থেকে ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **বাংলাকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

আমতলীতে ৬ হাজার কৃষককে

হোসেন, প্রেসক্লাবের সভাপতি মো. রেজাউল করিম, রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি ও উপজেলা সাংবাদিক সমন্বয় পরিষদের সাধারণ সম্পাদক মো. হায়াতুজ্জামান মিরাজ প্রমুখ । আমতলী উপজেলা কৃষি কর্মকর্তা মো. রাসেল জানান, ২০২৫-২৬ অর্থ বছরের কৃষি পুনর্বাসন কর্মসূচীর আওতায় আমতলী উপজেলার ৬ হাজার ৬৭০ জন কৃষকের মধ্যে নারিকেল, আম, জাম, লেবু, আতা, শরিফা, কাঠাল, লিচু অর্জুন, মেহগিনি, রেক্টিসহ বিভিন্ন ধরনের উষ্ণধি গাছের চারা, গাছ রোপনের খুঁটি ও ৩০ হাজার কেজি জৈব ও রাসায়নিক সার বিতরণ করা হয়।

আগৈলঝাড়ায় ভ্রাম্যমাণ আদালতের

হয়। অভিযানে উপস্থিত ছিলেন ভ্রাম্যমাণ আদালতের এল্লিকিউটিড ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. পলাশ আহমেদ, পল্লী বিদ্যুৎ সমিতির আগৈলঝাড়া জোনাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) মো. হিদ্দিকুর রহমান, এজিএম মো. আরিফুল ইসলাম, জুনিয়র ইঞ্জিনিয়ার মো. লুৎফর রহমান এবং আগৈলঝাড়া থানার এসআই মো. তারিকুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) মো. হিদ্দিকুর রহমান জানান, আগৈলঝাড়া এলাকায় পূর্বের বকেয়া ও চলতি বিলসহ মোট ৭ কোটি ৮৩ লাখ ৪৮ হাজার ৩৭৮ টাকা গ্রাহকদের কাছে পাওনা রয়েছে। এ বকেয়া আদায়ের লক্ষ্যে চলতি জুন মাসজুড়ে বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, দীর্ঘদিন ধরে বিদ্যুৎ বিল পরিশোধ না করায় ৯ জন গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। এছাড়া বিভিন্ন ধরনের অনিয়ম ও অপব্যবহার কারণে ৫ জন গ্রাহকের মিটার খুলে নেওয়া হয়েছে। বিদ্যুৎ খাতে শৃঙ্খলা বজায় রাখা, বকেয়া বিল আদায় এবং অবৈধ বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধে এ অভিযান পরিচালিত হচ্ছে।

গৌরনদী গার্লস স্কুল অ্যাড কলেজে

ও আত্মবিশ্বাসের মাধ্যমে তেমনরা নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলবে এবং দেশ ও জাতির কল্যাণে ভূমিকা রাখবে।’ গৌরনদী গার্লস স্কুল অ্যাড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নির্মল চন্দ্র হালদারের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন কলেজ শাখার সহকারী অধ্যাপক মোঃ আলিমুজ্জামান, স্কুল শাখার সহকারী শিক্ষক আলী আজিম খান পলাশ এবং সহকারী শিক্ষক মাওলানা এস. এম. গিয়াস উদ্দিন। এ সময় বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য দেন প্রদীপ্তা চক্রবর্তী, কাজী তাসনিম জারিন, সাহারা মরিয়ম, ইশিকা পাল, হুমায়রা ও ইন্দ্রা জয়ধর। তারা বিদ্যালয় ও শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে ভবিষ্যৎ জীবনের জন্য সবার দোয়া কামনা করেন। অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের উপস্থিতিতে এক আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়। পরে কলেজ শাখার ইসলামী শিক্ষা বিভাগের প্রভাষক মোঃ মহিদুল ইসলাম বিদায়ী শিক্ষার্থীদের সফলতা ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করেন।

ঝালকাঠি-নলছিটি সংযোগে সুগন্ধা নদীর

ঝালকাঠি-নলছিটি সংযোগ সেতুর সড়কা স্থান পরিদর্শন করেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তারা। পরিদর্শনের পূর্বে ঝালকাঠি জেলা প্রশাসক মো: মমিন উদ্দিনের সভাপতিত্বে জেলা প্রশাসন, সেতু ও জনপথ বিভাগ (সওজ), স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতর (এলজিইডি) এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় এককন্ট্রি সড়কাঘাটা, প্রয়োজনীয়তা এবং বাস্তবায়ন-সম্ভ্রান্ত বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচক্কনা ও উন্নয়ন (পিআরভিডি) বিভাগের উপ-পরিচালক মো: নূর ইয়াসিনের নেতৃত্বে প্রতিনিধি দল সভায় অংশগ্রহণ করেন। পরে তারা জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় শেষে সুগন্ধা নদীর ওপর সড়কা সেতু নির্মাণকল্প সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন কালে প্রতিনিধি দলের সাথে সেতু ও জনপথ, এলার্জিডি বিভাগ ও পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধিরা এবং সংসদ সদস্য জিব্রা আমিন এর পক্ষে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য (দফতরের দায়িত্ব) অ্যাডভোকেট মো: মিজানুর রহমান মুবিন, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি মো: আরিফুর রহমান খান, জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো: হৌহিদ হোসেন সহ অন্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, প্রস্তাবিত সেতুটি বাস্তবায়িত হলে ঝালকাঠি ও নলছিটিসহ আশপাশের এলাকার মানুষের যাতায়াত ব্যবস্থা আরো সহজ ও দ্রুত হবে। পাশাপাশি কৃষিপণ্য পরিবহন, ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ এবং শিল্পায়নের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তারা আরো বলেন, দীর্ঘদিনের প্রত্যাশিত এ সেতু নির্মিত হলে অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে এবং স্থানীয় অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলবে। ফলে ঝালকাঠি ও নলছিটি উপজেলার মধ্যে যোগাযোগ ব্যবস্থায় নতুন দ্বার উন্মোচিত হবে।

গৌরনদীতে ঢাকা-বরিশাল

খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান চালায়। গুরুতর আহত চারজনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে। অন্য আহতরা প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। গৌরনদী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মহসীন বলেন, দুর্ঘটনাকবলিত বাসটি জন্দ করা হয়েছে। দুর্ঘটনার কারণ অনুসন্ধান করা হচ্ছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে। পুলিশ জানিয়েছে, প্রাথমিকভাবে অতিরিক্ত গতি ও চালকের নিয়ন্ত্রণ হারানোর কারণে দুর্ঘটনাটি ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। তবে তদন্ত শেষে প্রকৃত কারণ জানা যাবে।

মায়ের সঙ্গে অভিমানে পঞ্চম

মৃতের বাবা আলী আকবর সিকদার বলেন, আমি ঢাকায় মাছের ব্যবসা করি। আমরা স্ত্রী লামিয়া বেগম ও তিন কন্যাসন্তান গ্রামের বাড়িতে থাকে। সেদিন শাকসবজি রান্না করা হয়েছিল। তা খাওয়া এবং ঠিকভাবে লেখাপড়া করতে বলায় নাদিয়া অভিমান করে আত্মহত্যা করে। ঘটনার খবর পেয়ে উজিরপুর মডেল থানা পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে থানায় নিয়ে যায়। উজিরপুর মডেল থানার ওসি মো. রকিবুল ইসলাম জানান, লাশ উদ্ধার করে থানায় আনা হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মানুষের কাছ থেকেই লিপ্সবৈষম্য

নতুন এক প্রতিবেদনে আরও ভয়াবহ আশঙ্কার কথা উঠে এসেছে। এতে বলা হয়েছে, কৃত্রিম বুদ্ধিমত্তা হয়তো মানবজাতির কিছু কুৎসিত পক্ষপাতিত্ব উত্তরাধিকারসূত্রে পেয়েছে। গবেষকেরা ১৩৩টি এআই সিস্টেম পরীক্ষা করে দেখেছেন এবং এর মধ্যে প্রায় অর্ধেক (৪৪ শতাংশ) সিস্টেমে লিপ্সবৈষম্যের প্রমাণ পেয়েছেন। অন্যদিকে, এক-চতুর্থাংশের বেশি সিস্টেমে একই সঙ্গে লিপ্সবৈষম্য ও বর্ণবাদ উভয়েরই উপস্থিতি দেখা গেছে। জাতিসংঘ বলেছে, লার্জ ল্যান্ডয়েজ মডেলগুলো (এলএলএম) বারবার নারীদের ঘরবাড়ি, পরিবার ও সন্তান লালন-পালনের সঙ্গে যুক্ত করেছে। অন্যদিকে পুরুষদের যুক্ত করেছে ব্যবসা, নেতৃত্ব ও কর্মজীবনে সফলতার সঙ্গে। প্রতিবেদনে বলা হয়েছে, কিছু কিছু ক্ষেত্রে এআই সিস্টেমগুলো এমন সব উত্তর তৈরি করেছে, যেখানে নারীদের যৌনতার বন্ধ কিংবা পুরুষের অধীনস্ত হিসেবে চিত্রিত করা হয়েছে। জাতিসংঘের লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতাবিষয়ক সংস্থা ইউএন উইমেনের তথ্য অনুযায়ী, গবেষকরা

যখন লার্জ ল্যান্ডয়েজ মডেলগুলোকে কোনও ব্যক্তির লিঙ্গ দিয়ে গুরু হওয়া একটি বাক্য সহজভাবে সম্পন্ন করতে বলেছিলেন, তখন প্রতি পাঁচটি উত্তরের মধ্যে প্রায় একটি উত্তর লিপ্সবৈষম্যমূলক বা নারীবিরোধী হিসেবে এসেছে। গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে, এমনকি কিছু উত্তর নারীদের সম্পত্তি বা বন্ধ হিসেবেও বর্ণনা করেছে। জাতিসংঘ বলেছে, কোটি কোটি মানুষের ই-মেইল লেখা, প্রোজেক্টশন ও কনটেন্ট তৈরি এবং প্রশ্নের উত্তর দেওয়ার কাজে যেহেতু দিন দিন এআইয়ের ব্যবহার বাড়ছে, তাই এই বৈষম্যমূলক আলগরিদমের মাধ্যমে বিদ্যমান অসমতাগুলো আরও বেশি সুদৃঢ় হচ্ছে। ইউএন উইমেন বলেছে, এটি কোনও বাণ নয়; বরং এআই ইন্টারনেট থেকে এসব শেষে; যা গত কয়েক দশকের নানা রকম গণবীধা ধারণা, কুসংস্কার ও বৈষম্যে ভরপুর। ফলে এআই মানুষের ইতিহাসের ওপর ভিত্তি করে প্রশিক্ষণ নিয়ে শেষ পর্যন্ত তা মানুষের সেই পক্ষপাতগুলোকেই পুনরায় ফুটিয়ে তোলে। সংস্থাটির ডিজিটাল প্রযুক্তিবিষয়ক প্রধান জয়তমা বিক্রমনায়েকে বলেন, এআই মডেলগুলো মানুষের দ্বারা এবং মানুষকে নিয়ে লেখা বহু দশকের টেক্সট থেকে এসব পক্ষপাত শিখেছে। আর এমন এক সময়ের দুনিয়া থেকে এগুলো নেওয়া, যেখানে নারীদের স্থান দেওয়া হয়েছিল ঘর ও পরিবারে এবং পুরুষদের স্থান দেওয়া হয়েছিল ব্যবসা ও কর্মজীবনে। প্রতিবেদনে বিশেষভাবে জোর দিয়ে বলা হয়েছে, নারীরা ইতোমধ্যে অনলাইনে অসম মাত্রায় হারানারি মুখোমুখি হচ্ছেন এবং এআইয়ের মাধ্যমে কিছু কিছু সহিংসতার রূপ তৈরি ও ছড়িয়ে দেওয়া আরও সহজ হয়ে উঠছে।

চীনা সরকারি মিডিয়া: তারেক রহমানের চীন

এই তিনদিনের সরকারি সফরে বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক সম্পর্কের এক নতুন দিগন্ত উন্মোচন হতে যাচ্ছে বলে পত্রিকাটির এক সম্পাদকীয়তে উল্লেখ করা হয়েছে। দায়িত্বহেতুর পর এটিই প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম চীন সফর। গ্লোবাল টাইমসের সম্পাদকীয়তে বলা হয়েছে, নতুন বাংলাদেশি সরকারের এই তাৎপর্যপূর্ণ সফরসূচি চীনের সঙ্গে সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে ঢাকার উচ্চ আর্থনৈতিক প্রতিফলিত করে। এই সফরে দুই দেশের মধ্যে বেশ কিছু সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হতে যাচ্ছে, যা বৈইজিং ও ঢাকার মধ্যে গভীর রাজনৈতিক পারস্পরিক আস্থা ও সহযোগিতার বিশাল স্ফাবনাকে প্রমাণ করে। ২০২৪ সালের রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে অভ্যন্তরীণ রাজনৈতিক অনিশ্চয়তা এবং আন্তর্জাতিক ভূ-রাজনৈতিক সংঘাতের নেতিবাচক প্রভাবে বাংলাদেশের অর্থনীতি বেশকিছু চ্যালেঞ্জের মুখোমুখি। এই মুহূর্তে আর্থিক স্থিতিশীলতা বজায় রাখা, কর্মসংস্থান সৃষ্টি, শিল্পের বহুমুখীকরণ এবং জ্ঞাননি ও অবকাঠামোগত ঘাটতি দূর করা বাংলাদেশের জন্য প্রধান আত্মবিধার। এমন পরিস্থিতিতে চীনা ১৬ বছর ধরে বাংলাদেশের শীর্ষ বাণিজ্য অংশীদার হিসেবে চীনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে বাংলাদেশে প্রায় এক হাজার চীনা প্রতিষ্ঠান কাজ করছে, যা লাখ লাখ মানুষের কর্মসংস্থান তৈরি করেছে। এছাড়া ২০২৪ সালের ১ ডিসেম্বর থেকে চীন বাংলাদেশকে শতভাগ পণ্যে শুদ্ধমুক্ত সুবিধা দেওয়ায় দেশটির বাংলাদেশের কৃষিপণ্য রপ্তানি ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলে, প্রধানমন্ত্রী তারেক রহমানের এই সফরে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ, অবকাঠামোগত সহযোগিতা, বাণিজ্য সহজীকরণ এবং কৌশলগত সল্যোগের ওপরই মূল জোর দেওয়া হচ্ছে বলে সম্পাদকীয়তে উল্লেখ করা হয়েছে।

ঝালকাঠিতে ৮২৫০১ শিশুকে

ছিলেন জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মো. সাইফুল আলম, জেলা পুলিশের পরিচক্কনা বিভাগের উপপরিচালক তাপস কুমার শীলা, জেলা সিভিল সার্জন ডা. হুমায়ূন কবীর এতে সভাপতিত্ব করেন। বক্তৃতা করেন, জেলা তথ্য অফিসার লেলিন বালা, জেলা প্রেসক্লাব সভাপতি অ্যাডভোকেট আক্বাস সিকদার। ধারণাগত উপস্থাপন করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. মোস্তাফিজুর রহমান। এসময় জানানো হয়, ২৮জুন অমুহিতব্য ভিটামিন এগ্রাস ক্যাম্পেইনে জেলায় ৮২হাজার ৫০১জনকে ক্যাপসুল খাওয়ানো হবে। এদের মধ্যে ৬থেকে ১১মাস বয়সী ১০০১১জন শিশুকে নীল রঙের এবং ১২মাস থেকে ৫বছর বয়সী ৭২৪৯২জন শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়াানো হবে।

যৌতুকের মামলায় স্বামীর জামিন

করেন। বুধবার আদালতে সেই মামলার অভিযোগ গঠনের দিন ধার্ষ ছিল। শুনানিতে আসামি বাহারউদ্দিনের বিরুদ্ধে অভিযোগ গঠন করে আপসের শর্তে তাঁর জামিন মঞ্জুর করেন আদালত এবং মামলার অন্য দুই আসামিকে (শ্বশুর-শাওড়ি) অভিযোগ থেকে অব্যাহতি দেন। প্রত্যক্ষদর্শী আইনজীবী ও আদালতে থাকা কয়েকজন বলেন, আপসের শর্তে স্বামীর জামিনের আদেশ শোনার পরপরই তারাতাত্য ক্ষেত্রে ফেটে পড়েন। তিনি আদালতের মধ্যেই নিজের ব্যাগ থেকে ছোট একটি বোতল বের করে বিষ পান করেন। সঙ্গে সঙ্গেই এজলাসের সামনে লুটিয়ে পড়েন তিনি। ঘটনার পরপরই বিচারক এজলাস ত্যাগ করেন এবং সাময়িকভাবে আদালতের কক্ষ ফাঁকা করে দেওয়া হয়। ভোলা আদালত পুলিশের পরিদর্শক সেখি মো. নাসির উদ্দিন ঘটনার সভ্যতা নিশ্চিত করেছে। তিনি বলেন, আদালতের ভেতর গৃহবধুর বিধানেের ঘটনার পরপরই পুলিশ ও উপস্থিত সবার সহযোগিতায় দ্রুত তাঁকে উদ্ধার করে সদর হাসপাতালে পাঠানো হয়। সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক তৈয়বুর রহমান বলেন, রোগীকে হাসপাতালে আনার পর দ্রুত পাকস্থলী পরিকার করা হয়েছে। বর্তমানে তিনি চিকিৎসাধীন, তবে রোগীকে এখনই আশঙ্কামুক্ত বলা যাচ্ছে না। তাঁকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে।

কাউখালীতে উন্নত জাতের বীজ

ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমদ সোহেল মনজুর সুমনের পক্ষে,কাউখালী উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান এস এম আহসান কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পিরোজপুর জেলার অতিরিক্ত উপপরিচালক মোঃ আব্দুল্লাহ আল মামুন,উপজেলা কৃষি কর্মকর্তা সোমা রানী দাস, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা প্রদীপ কুমার হালদার। এ সময় উপস্থিত প্রত্যেক কৃষককে ৫টি করে নারিকেল চারা, ৫টি বাঁশের কঞ্চি এবং ১৫০ কেজি জৈব সার প্রদান করা হয়। এছাড়াও উপজেলার পাঁচটি ইউনিয়নের মোট ৪২০ জন কৃষকদের মাঝে ২ হাজার ১০০টি নারিকেল চারা বিতরণ সহ বিভিন্ন প্রজাতির গাছের চারা,লেবু,পেয়াজ, গ্রীষ্মকালীন শাক-সবজির চারা এবং উষ্ণশী আমান ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ করা হয় বলে জানা গেছে। বিতরণ কার্যক্রমের এক পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পিরোজপুরের অতিরিক্ত উপপরিচালক মোঃ আব্দুল্লাহ আল মামুন তার বক্তব্যে বলেন, বাংলাদেশ সরকার কৃষকদের পুনর্বাসন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বিভিন্ন সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। বৃদ্ধাধিকার ও কৃষি উপকরণ বিতরণের মাধ্যমে একদিকে যেমন কৃষকের আয় বৃদ্ধি পাবে, অন্যদিকে পরিবেশ সংরক্ষণেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কৃষিকে আরও লাভজনক ও টেকসই করতে সরকার কৃষকদের পাশে রয়েছে এবং ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন,উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

হেলপার দিয়ে

চালাচ্ছিলেন। তাদের দাবি, স্বরূপকাঠি থেকে বাস ছাড়া বা ফেরার পথে অনেক সময় গড়িয়ার পার এলাকা থেকে হেলপারদের হাতে স্টিয়ারিং তুলে দেওয়া হয়। ফলে প্রায়ই এ ধরনের দুর্ঘটনার ঝুঁকি তৈরি হচ্ছে। কয়েকজন যাত্রী জানান, কুনিয়ারী পৌছানোর আগেই বাসটি অন্তত ৩ বার নিয়ন্ত্রণ হারানোর উপক্রম হয়েছিল। পরে বৈহিল ব্রিজে গিয়ে শেষ পর্যন্ত দুর্ঘটনার শিকার হয়। স্থানীয় বাসিদারা এ ঘটনার সূহু তদন্ত এবং দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

মেহেন্দিগঞ্জে গণসচেতনতা সৃষ্টি ও

স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়। উপজেলা দুনীতি প্রতিরোধ কমিটির সভাপতি মোঃ জিয়াউদ্দিন সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রিয়াজুর রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,উপজেলা বিএনপির আহবায়ক গিয়াস উদ্দিন দিপেন। অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সদস্য সচিব সিহাব আহমেদ সেলিম,পৌর বিএনপির সদস্য সচিব রিয়াজ উদ্দিন চৌধুরী দিনু। উক্ত বিতর্ক প্রতিযোগিতায় মডারেটর,র দায়িত্ব পালন করেন,মেহেন্দিগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ মহিউদ্দিন। বিচারকের দায়িত্ব ছিলেন, উপজেলা সমন্বয় কর্মকর্তা শেখ জাহিদুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ মিরাজ আহাম্মেদ,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খন্দকার শরীফা আজহার ও উপজেলা একাডেমিক সুপারভাইজার মোঃ সেলিম। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনায় ছিলেন,মেহেন্দিগঞ্জ উপজেলা দুনীতি প্রতিরোধ কমিটির সাধারন সম্পাদক মোস্তাফিজুর রহমান পলাশ। উক্ত বিতর্ক প্রতিযোগিতায় পাতারহাট ইসলামিয়া সিনিয়র ফাযিল মাদ্রাসার শিক্ষার্থীরা চ্যাম্পিয়ন ও সরকারি পাতারহাট মুসলিম মডেল উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা রানার্সআপ হয়। পরে অংশ গ্রহনকারী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথিসহ অতিথি বৃন্দ।

বিএনপি অফিসে জুয়ার

ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, উপজেলার আনন্দবাজারে বিএনপির ব্যানার ও ফেস্ফন্ট টাচানো একটি অফিসে দুই ফ্রেপে বিভক্ত হয়ে জুয়া খেলা চলছে। এর মধ্যে এক ফ্রেপ চোয়ার-টেনিঙ্গে বসে এবং অন্য ফ্রেপটি নিচে গোল হয়ে বসে জুয়া খেলছে। খেলার একপর্যায়ে টাকা তোলাকে কেন্দ্র করে তাদের মধ্যে তুমুল তর্ক-বিতর্ক ও বিশৃঙ্খলা হতেও দেখা যায়। স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলা শ্রমিক দলের যুগ্ম সম্পাদক শামসুদ্দিন (যিনি এলাকায় ‘কোবা শামসু’ নামে পরিচিত) এই দোকান ঘরটি ভাড়া নিয়ে বিএনপির অফিস হিসেবে ব্যবহার শুরু করেন। তিনি সাবেক সংসদ সদস্য নাজিম উদ্দিন আলম গ্রুপের অনুসারী এবং উত্তর সাকুচিয়া ইউনিয়নের আনন্দবাজার সংলগ্ন ও নম্বর ওয়ার্ডের বাসিন্দা। মূলত গত ঈদুল আজহার পর থেকেই ওই শ্রমিকদল নেতার নেতৃত্বে কার্যালয়টিতে নিয়মিত জুয়ার আসর বসে আসছিল। ঘটনার পর পুলিশ কার্যালয়টি বন্ধ করে দিলে দর্ভমানে শামসুদ্দিন পলাতক রয়েছেন। এবিষয়ে মনপুরা উপজেলা বিএনপির সহ-সভাপতি ও উত্তর সাকুচিয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ডা. কামাল উদ্দিন জানান, “এটি মূলত বিএনপির কোনো আনুষ্ঠানিক দলীয় অফিস নয়। শামসুদ্দিন নিজের দায়িত্বে ঘরটি ভাড়া নিয়ে সেখানে ক্লাব বানিয়েছিলেন। পরবর্তীতে মাননীয় এমপির হস্তক্ষেপে পুলিশ ক্লাবটি বন্ধ করে দিয়েছে।” মনপুরা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাজহারুল ইসলাম জানান, সংসদ সদস্যের নির্দেশ পাওয়ার পরপরই পুলিশ গিয়ে ওই ক্লাবটি বন্ধ করে দিয়েছে। তিনি আরও বলেন, “এই অতৈতিক কর্মকাণ্ডের সাথে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনতে এবং তাদের গ্রেফতারে পুলিশ অভিযান অব্যাহত রয়েছে। এলাকার মাদক, জুয়া ও যেকোনো ধরনের আসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে পুলিশ অত্যন্ত কঠোর অবস্থানে রয়েছে।”

মেহেন্দীগঞ্জে বিদ্যুতায়িত

কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ব্যাপারে কাজীরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সিদ্দিকুর রহমান বলেন, বিদ্যুতায়িত হয়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। পরিবারের কোনো অভিযোগ না থাকায় প্রয়োজনীয় আইনি ব্যবস্থা শেষে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

সাগরে গিয়ে হতশ জেলেরা, আর্থিক

আড়তগুলোতে নেই আগের মতো ক্রেতা-বিক্রেতার কোলাহল। অধিকাংশ আড়তদার, শ্রমিক ও পরিবহনসংশ্লিষ্টরা অলস সময় পার করছেন। জেলেরা জানান, এক-একটি ট্রালারের জেলে ও মফিরা লাখ টাকার বেশি ব্যয় করে সমুদ্রে যান। কিন্তু অনেকে খালি ট্রালার নিয়ে, কাউকে অল্পসংখ্যক মাছ নিয়েই ঘাটে ফিরতে হয়েছে। ফলে দুই মাস আয় বন্ধ থাকা এই জেলেরদের পরিবারে অর্থশঙ্কট আরও বেড়ে গেছে। বিএফডিসি সূত্রে জানা গেছে, ৫৮ দিনের নিষেধাজ্ঞা শুরু আগের এক সপ্তাহে ঘাটে ৩২ দশমিক ৩৬ টন ইলিশ এবং ৪৩ দশমিক ৩৪ টন মিশ্র মাছ আহরণ করে নিয়ে আনেন জেলেরা। মোট ৭৫ টনের বেশি মাছ পাওয়া যায়। এ থেকে রাজস্ব আদায় হয়েছিল ৪ লাখ ৪৩ হাজার ২৬০ টাকা। কিন্তু নিষেধাজ্ঞা শেষে গত এক সপ্তাহে ইলিশ আহরণ হয়েছে মাত্র ১২ দশমিক ১০ টন এবং মিশ্র মাছের পরিমাণ কমে দাঁড়িয়েছে ২১ দশমিক ২৬ টনে। মোট ৩৩ টনের একটু বেশি মাছ পাওয়া যায়। ফলে একই সময়ে রাজস্ব আদায়ও কমে দাঁড়িয়েছে ১ লাখ ৮০ হাজার ৮০০ টাকা। সমুদ্র থেকে ফিরে আসা রফিক মাঝি, ফরিদ মিয়া, আব্বাস মিয়াসহ একাধিক জেলের সঙ্গে কথা হয়। তাঁরা জানান, দুই মাস সাগরে যেতে না পেরে তারা অনেক আর্থিক কষ্টে দিন কাটিয়েছেন। নিষেধাজ্ঞা ওঠার পর ধারদেনা করে ট্রালারের তেল ও খাবারসহ আনুষঙ্গিক রসদ নিয়ে সমুদ্রে গিয়েছিলেন। কিন্তু মাছ না পাওয়ায় এখন তেলের খরচও উঠছে না। উল্টো লোকসান আরও বাড়ছে।’ পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রের ব্যবস্থাপক লেফটেন্যান্ট কমান্ডার জি এম মাসুদ শিকদার বলেন, ‘দেশের অন্যতম বৃহৎ মৎস্য অবতরণ কেন্দ্র এটি। গত ৮ বছরের তুলনায় এ বছর মাছের সরবরাহ উল্লেখযোগ্যভাবে কম। ধারাবাহিক নিম্নচাপ ও বৈরী আবহাওয়ার প্রভাব এর একটি কারণ হতে পারে।’ পাথরঘাটা উপজেলা জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা হাসিবুল হক বলেন, ‘নিষেধাজ্ঞা শেষে জেলেরা সাগরে কাঙ্ক্ষিত পরিমাণ মাছ পাচ্ছেন না। তবে এটি সাময়িক পরিস্থিতি হতে পারে। সাগরের আবহাওয়া, স্রোত, পানির লবণাক্ততা ও মাছের বিচরণক্ষেত্র পরিবর্তনের কারণে অনেক সময় এমন পরিস্থিতির সৃষ্টি হয়।’ হাসিবুল হক আরও বলেন, ‘আশা করছি, আগামী কয়েক



ওয়ার্ডটা প্রাজার উদ্যোগে সারাদেশের ন্যায় বরিশালে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয় -কীর্তনখোলা

সপ্তাহের মধ্যে মাছের উৎপাদন ও অবতরণ বৃদ্ধি পাবে। জেলেরদের ধৈর্য ধরে নিয়ম মেনে মাছ ধরার কার্যক্রম পরিচালনার পরামর্শ দেওয়া হচ্ছে।’

বাউফলে পেশাজীবীদের সফট স্কিলস

উপজেলা সমাজসেবা কার্যালয় সূত্রে জানা গেছে, সমাজের পিছিয়ে পড়া ও প্রান্তিক জনগোষ্ঠীকে দক্ষ ও স্বাবলম্বী করে গড়ে তোলার লক্ষ্যে সরকার দেশের ১৫০টি উপজেলায় সফট স্কিলস প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই অংশ হিসেবে বাউফলে দ্বিতীয় ধাপে এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারী ৩০ জনের মধ্যে ৮ জন নারী ছিলেন। অংশগ্রহণকারীদের মধ্যে নরসুন্দর, কুমার, কামার, বাঁশ ও বেতশিল্পী, নকশাকাঁথা কারিগর, মুচি, বাদ্যযন্ত্রশিল্পী (বাউল) এবং মালাকার (সুইপার) পেশার প্রতিনিধিরা অন্তর্ভুক্ত ছিলেন। সমাজসেবা অধিদপ্তর সূত্রে আরও জানা যায়, মাঠপর্যায়ে জরিপের মাধ্যমে নির্বাচিত প্রান্তিক পেশাজীবীদের দক্ষতা উন্নয়নের জন্য এ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি সনদের পাশাপাশি ১৮ হাজার টাকা ভাতা পাবেন। এছাড়া তাদের দক্ষতা মূল্যায়নের জন্য ছয় মাস পর ফলাআপ প্রশিক্ষণেরও ব্যবস্থা রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, প্রকল্পের আওতায় প্রান্তিক পেশাজীবীদের উৎপাদিত পণ্য দেশের আট বিভাগের নির্ধারিত কার্যালয়ের মাধ্যমে সরকারি ব্যবস্থাপনায় সঞ্গ্রহ ও বাজারজাত করার উদ্যোগ নেওয়া হয়েছে। এতে তাদের আয় বৃদ্ধি ও টেকসই কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারিত হবে বলে আশা করা হচ্ছে। সনদ বিতরণ অনুষ্ঠানে সমাজসেবা অধিদপ্তরের কেন্দ্রীয় কার্যালয়ের ডেপু অফিসার মো. বিদ্বাহ হোসেন মজুমদার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. মুশফিকুর রহমান, স্থানীয় গণমাধ্যমকর্মী এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মশার কয়েল থেকে গোয়ালঘরে

আগুন, ও গরুর মৃত্যু

মির্জাগঞ্জ প্রতিনিধি
পটুয়াখালীর মির্জাগঞ্জে মশার কয়েল থেকে গোয়ালঘরে আগুন লেগে এক কৃষকের তিনটি গরু জীবন্ত পুড়ে মারা গেছে এবং বাকি দুটির অবস্থা আশঙ্কাজনক। এদিকে আগুনের লেলিহান শিখা থেকে গবাদি পশুগুলো বাঁচাতে গিয়ে মারাত্মকভাবে দম্ক হয়েছেন কৃষক রুবেল তালুকদার (২৫)। বর্তমানে তিনি আশঙ্কাজনক অবস্থায় ঢাকার শেখ হাসিনা জাতীয় বার্নি ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন। মঙ্গলবার দিগপাত রাত আনুমানিক ৩টার দিকে উপজেলার মাধবখালী ইউনিয়নের রামপুর গ্রামের কৃষক রুবেল তালুকদারের বাড়িতে এ দুর্ঘটনা ঘটে। বুধবার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ রাসেল, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. ইলিয়াস হোসেন এবং সমাজসেবা কর্মকর্তা ও মাধবখালী ইউনিয়ন পরিষদের প্রশাসক আমিনুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেছেন। স্থানীয় বাসিন্দা ও পারিবারিক সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতো ওই রাতেও মশার উপদ্রব থেকে রক্ষা করতে গোয়ালঘরে মশার কয়েল জ্বালানো হয়েছিল। ধারণা করা হচ্ছে, গভীর রাত্তে সেই কয়েলের আগুন থেকেই ঘটনার সূত্রপাত হয়। ক্ষতিগ্রস্ত কৃষকের বাবা জাহাঙ্গীর তালুকদার বলেন, ‘গোয়ালঘরে আমাদের পাঁচটি গরু ছিল। রাত ৩টার দিকে হঠাৎ আগুনের তীব্র আলো ও উদ্গাষে আমাদের ঘুম ভেঙে যায়। ঢেঁপের সান্দ্রন সব শেষ হয়ে যাচ্ছিল। গোয়ালঘর থেকে গরুগুলো বের করতে গিয়ে ছেলে রুবেল আগুনে গুরুতর আহত হয়। চিকিৎসেরা তাকে ঢাকা পাঠায়। সব শেষ হয়ে গেল।’ স্থানীয় বাসিন্দা ও পারিবারিক সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতো ওই রাতেও মশার উপদ্রব থেকে রক্ষা করতে গোয়ালঘরে মশার কয়েল জ্বালানো হয়েছিল। ধারণা করা হচ্ছে, গভীর রাত্তে সেই কয়েলের আগুন থেকেই ঘটনার সূত্রপাত হয়। ক্ষতিগ্রস্ত কৃষকের বাবা জাহাঙ্গীর তালুকদার বলেন, ‘গোয়ালঘরে আমাদের পাঁচটি গরু ছিল। রাত ৩টার দিকে হঠাৎ আগুনের তীব্র আলো ও উদ্গাষে আমাদের ঘুম ভেঙে যায়। ঢেঁপের সান্দ্রন সব শেষ হয়ে যাচ্ছিল। গোয়ালঘর থেকে গরুগুলো বের করতে গিয়ে ছেলে রুবেল আগুনে গুরুতর আহত হয়। চিকিৎসেরা তাকে ঢাকা পাঠায়। সব শেষ হয়ে গেল।’ স্থানীয় বাসিন্দা ও পারিবারিক সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতো ওই রাতেও মশার উপদ্রব থেকে রক্ষা করতে গোয়ালঘরে মশার কয়েল জ্বালানো হয়েছিল। ধারণা করা হচ্ছে, গভীর রাত্তে সেই কয়েলের আগুন থেকেই ঘটনার সূত্রপাত হয়। ক্ষতিগ্রস্ত কৃষকের বাবা জাহাঙ্গীর তালুকদার বলেন, ‘গোয়ালঘরে আমাদের পাঁচটি গরু ছিল। রাত ৩টার দিকে হঠাৎ আগুনের তীব্র আলো ও উদ্গাষে আমাদের ঘুম ভেঙে যায়। ঢেঁপের সান্দ্রন সব শেষ হয়ে যাচ্ছিল। গোয়ালঘর ও রান্নাঘর সম্পূর্ণ ভস্মীভূত হয়। ঘটনাস্থলেই তিনটি গরু পুড়ে মারা যায় এবং বাকি দুটি গরুর শরীরও মারাত্মকভাবে ঝলসে গেছে। গুরুতর দম্ক রুবেল তালুকদারকে প্রথমে উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে (শেবাচিম) নিয়ে যাওয়া হয়। তার শরীরের বড় অংশ দম্ক হওয়ায় এবং অবস্থার অবনতি ঘটায় কর্তব্যরত চিকিৎসকেরা তাকে উন্নত চিকিৎসার জন্য জরুরি ভিত্তিতে ঢাকার বার্ন ইউনিটে পাঠান। এ বিষয়ে মির্জাগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. শেখ রাসেল বলেন, ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক। খবর পেয়ে আমরা ঘটনাস্থলে যাই। ক্ষতিগ্রস্ত পরিবারকে নগদ ২০ হাজার টাকা ও পাঁচ প্যাকেট শুকনো খাবার দেওয়া হয়েছে। পাশাপাশি অগ্রিদম্ধ যুবকের চিকিৎসার খোঁজখবর নেওয়া হচ্ছে।

হারিয়েছে

আমার এসএসসি ও এইচএসসির সনদপত্র হারিয়েছে, যার এসএসসি রেজিস্ট্রেশন নম্বর-752564, সনদপত্র ক্রমিক নম্বর-9049359, রোল নং- ৪১৭২১৫, শিক্ষাবর্ষ-2007-2008, বিভাগ-ব্যবসায় শিক্ষা, জিপিএ- ৩.১৯, কেন্দ্র- কাঠালিয়া, এইচএসসি রেজিস্ট্রেশন নম্বর-201644, সনদপত্র ক্রমিক নম্বর-1194145, রোল নং- ৬৩৪১১৫, শিক্ষাবর্ষ-2009-201০, বিভাগ-ব্যবসায় শিক্ষা, জিপিএ- ৩.৬০, কেন্দ্র- কাঠালিয়া, বরিশাল শিক্ষা বোর্ড, বরিশাল।

মোঃ অরিরুজ রহমান

পিতা: আব্দুস সাত্তার হাওলাদার
মোবাইল নং- ০1316601361

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
 মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবায়: ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykironkhola@gmail.com